



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭
প্রশাসন বিভাগ
www.btrc.gov.bd



নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.২৬.০৭৭.২২.১৬৪৫

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ


সীমিত দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: কমিশনের কার ঢাকা মেট্রো-গ-২১-৫৪১১ গাড়ি মেরামতের যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক মেরামত কাজের দরপত্র আহ্বান।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র কার ঢাকা মেট্রো-গ-২১-৫৪১১ (টয়োটা জিএলআই-২০০৭) গাড়িটি মেরামতের নিমিত্ত যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক কাজের জন্য কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত আগ্রহী যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপসমূহের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্তানুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

০১।	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
০২।	দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।
০৩।	দরপত্রের বিবরণ	কমিশনের কার ঢাকা মেট্রো-গ-২১-৫৪১১ গাড়িটি মেরামতের নিমিত্ত যন্ত্রাংশ সরবরাহ ও আনুষঙ্গিক কাজ।
০৪।	দরপত্র বিজ্ঞপ্তির নং ও তারিখ	১৪.৩২.০০০০.৪০০.২৬.০০৭.২২.১৬৪৫, তারিখঃ ২৮/১০/২০২৪ খ্রিস্টাব্দ।
০৫।	ক্রয় পদ্ধতি	সীমিত দরপত্র পদ্ধতি (Limited Tendering Method)
০৬।	দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ ও সময়	আগামী ২৮/১০/২০২৪ তারিখ হতে ০৪/১১/২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করতে হবে।
০৭।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	আগামী ০৫/১১/২০২৪ তারিখ, সময়ঃ বেলা ১:৩০ ঘটিকা পর্যন্ত।
০৮।	দরপত্র দাখিলের স্থান	বিটিআরসি, প্লট #ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
০৯।	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	আগামী ০৫/১১/২০২৪ তারিখ, সময়ঃ ২:০০ ঘটিকা।
১০।	দরপত্রদাতার সংক্ষিপ্ত যোগ্যতার ও উপযুক্ততা	(ক) দরদাতা প্রতিষ্ঠানকে কমিশনের হালনাগাদ তালিকাভুক্ত যানবাহন মেরামতকারী গ্যারাজ/ওয়ার্কশপ হতে হবে। (খ) কমিশনে তালিকাভুক্তি পত্র দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে। (গ) পরিবহন সংক্রান্ত কাজ/সেবা প্রদানে দরপত্রদাতার (প্রতিষ্ঠান) ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) পরিবহন সংক্রান্ত কাজ/সেবা প্রদানের ন্যূনতম ০১(এক) টি সনদ/চুক্তি বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে সফলতার সহিত সরবরাহকারী হিসাবে সমাপ্ত করিবার ন্যূনতম সুনির্দিষ্ট অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে, যার মূল্যমান ন্যূনতম ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা হতে হবে। (ঙ) দরপত্রদাতার ন্যূনতম তরল সম্পদ, যেমন - চলতি মূলধন বা ক্রেডিট লাইন বরাদ্দের সীমা হইবে ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা।
১১।	দরপত্র দলিলের মূল্য (টাকা)	বিনামূল্যে
১২।	অন্যান্য শর্তাবলী	(ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে ও নির্ধারিত দরপত্র সিডিউল যথাযথভাবে পূরণ করতঃ সিলমোহরকৃত খামে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর থাকতে হবে। (খ) দরপত্র সিডিউলে উল্লেখিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।

	(গ) দরপত্রের সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক পরিচালিত হবে।
	(ঘ) বিটিআরসি দরপত্র দলিলের শর্তাবলীর যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারে।
	(ঙ) দরপত্র বিজ্ঞপ্তি বিটিআরসি'র ওয়েবসাইট www.btrc.gov.bd তে পাওয়া যাবে।
১৩।	কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিটিআরসি সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।



২৮-১০-২০২৪
মোঃ দেলোয়ার হোসেন
উপ পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। কমিশনের তালিকাভুক্ত যানবাহন মেরামতকারী প্রতিষ্ঠান (সকল) এবং
- ৩। সিনিয়র সহকারী পরিচালক, আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (সীমিত দরপত্র বিজ্ঞপ্তি বিটিআরসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

